


“৩৭ তম বার্ষিক সাধারণ সভার নোটিশ”

পুঠিয়া ইউসিসিএলিঃ এর ব্যবস্থাপনা কমিটির অধিবেশন নং ১৬ তারিখঃ ০৫-১২-২০১৯খ্রিঃ সিদ্ধান্ত অনুযায়ী ইউসিসিএলিঃ এর সদস্যভুক্ত প্রাথমিক সমবায় সমিতি (কেএসএস ও এমএসএস) সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৫) এর ১৭(৩) ধারাএবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ১৪(১),(২) ও (৪) বিধি মতে আগামী ২৬/১২/২০১৯ খ্রিঃ (১২ পৌষ ১৪২৬)বাংলা মোতাবেক রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র বিআরডিবি প্রশিক্ষণ হল রুমে পুঠিয়া ইউসিসিএলিঃ ৩৭ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সদস্য সমিতির এক জন করে ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতা প্রদান রেজুলেশনের সত্যায়িত অনুলিপি সহ সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৩৩(২) বিধি মতে প্রদত্ত ছক(ফরম-৮) মোতাবেক পরিচয় পত্র যথাযথ ভাবে পুরন করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রতি স্বাক্ষর করতঃ নির্ধারিত তারিখে সভাস্থল হওয়ার ০১(এক) ঘণ্টা পূর্বে অত্র কার্যালয়ে দাখিল পূর্বক রেজিস্ট্রেশন এবং সমিতির ৩৭ তম বার্ষিক সাধারণ সভা অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ :


- ১) বিগত ৩৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সমূহ পাঠ ও অনুমোদন।
- ২) ২০১৮-১৯ অর্থ বৎসরে ব্যবস্থাপনা কমিটির কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা।
- ৩) ২০১৮-১৯ অর্থ বৎসরের বার্ষিক হিসাব বিবরণী পর্যালোচনা ও অনুমোদন।
- ৪) ২০১৮-১৯ সালের উদ্বৃত্তপত্র ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ৫) প্রাথমিক সমবায় সমিতি সমূহের জমাকৃত শেয়ার আমানত ও সঞ্চয় আমানতের উপর লভ্যাংশ প্রদান প্রসঙ্গে।
- ৬) ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।
- ৭) ২০১৯-২০২০ সনের সর্বোচ্চ কর্তৃ সীমা নির্ধারণ।
- ৮) পল্লী ভবন মেরামত ও সংস্কার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৯) পুঠিয়া ইউসিসিএলিঃ এর কর্মচারীদের সিপিএফ কর্তন এবং গ্রাচুইটি তহবিলের স্থায়ী আমানত করন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১০) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড প্রণীত ইউসিসিএ লিঃ এর কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা /২০১৮ বিষয়ে আলোচনা ও অনুমোদন বিষয়ে সিদ্ধান্ত গ্রহন।
- ১১) সমবায় আইন নিয়মাবলী ও উপআইন বিরুদ্ধ না হলে নির্বাহী কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত যে কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১২) ব্যবহার অনুপযোগী মালপত্র বিনষ্ট করণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ১৩) বিবিধ।

সংযুক্তিঃ উদ্বৃত্তপত্র ১ কপি


(মোঃ জিয়াউর রহমান)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
পুঠিয়া, রাজশাহী

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনেরজন্য প্রেরণ করা হলো।(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সভাপতি/সভানেত্রী/ম্যানেজার.কেএসএস/এমএসএসপুঠিয়া, রাজশাহী।
- ২) সভাপতি/সহ-সভাপতি/সদস্য (সকল) ব্যবস্থাপনা কমিটি, পুঠিয়া ইউসিসিএলিঃ পুঠিয়া, রাজশাহী।
- ৩) উপজেলা সমবায় অফিসার, পুঠিয়া, রাজশাহী।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী। (সদয় অবগতির জন্য)
- ৫) জেলা সমবায় অফিসার, রাজশাহী। (সদয় অবগতির জন্য)
- ৬) উপপরিচালক, বিআরডিবি, রাজশাহী। (সদয় অবগতির জন্য)
- ৭) যুগ্ম নিবন্ধক, সমবায় সমিতিসমূহ, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৮) উপরোক্ত বিজ্ঞপ্তি আপনার দৈনিক পত্রিকায় ১ দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৯) অফিস নথি।


উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
পুঠিয়া, রাজশাহী।